

উপজেলা পরিষদের মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আজমল হোসেন
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম

তারিখ : ১১/০৯/২১ স্থিঃ

সময় : ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভার সভাপতি মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী, উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।


অতঃপর সভায় সদস্য সচিব জানান যে, অত্র উপজেলায় মুক্তিযোদ্ধাদের কাছে সরকারি সকল সুযোগ সুবিধা পৌঁছে দেয়া হচ্ছে। নতুন আবেদনের প্রেক্ষিতে যাচাই পূর্বক নতুন মুক্তিযোদ্ধা নিবন্ধনের জন্য প্রস্তাব প্রেরন করার কাজ চলমান রয়েছে। এছাড়াও অসহায় ও দুস্থ মুক্তিযোদ্ধা ও তার পরিবারের সহায়তার জন্য বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

সভায় সদস্য ইউপি চেয়ারম্যানগণ জানান যে, উপজেলার সকল মুক্তিযোদ্ধাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। প্রয়োজনে তাঁদেরকে বিভিন্ন সহায়তা প্রদান করা হয়।

সিদ্ধান্তঃ

- (১) প্রকৃত মুক্তিযোদ্ধাদেরকে সরকারি সকল সুবিধা সহজ প্রক্রিয়ায় প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (২) মুক্তিযোদ্ধাদের সেবার বিষয়ে সভায় সকল সদস্য সজাগ থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আজমল হোসেন)

ভাইস-চেয়ারম্যান

ও সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

সৈয়দপুর, নীলফামারী।